মেহেরপুরে তারুণ্যের মেলা অনুষ্ঠিত

মেহেরপুরে তরুণদের কর্মসংস্থান বৃদ্ধি ও সরকারি সুযোগ আরও সহজে পাওয়ার লক্ষ্যে,“আমিও জিততে চাই” এই আলোকে তারুণ্যের মেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২৭ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ১০ টার দিকে জেলা শিল্পকলা একাডেমীতে তারুণ্যের মেলার উদ্বোধন করেন পাবলিক প্রসিকিউটর ও জেলা আওয়ামী লীগের আইন বিষয়ক সম্পাদক এ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য।

এসময় উপস্থিত ছিলেন জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সাধারণ সম্পাদক এএস এম সাইদুল রাজ্জাক, বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক সাইদুর রাজ্জাক, জেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক আকবর জালাল, জেলা মহিলা দলের সাইয়্যেদেতুন্নসা নয়ন, জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি আলমগীর হোসেন, জেলা ছাত্রলীগের দপ্তর সম্পাদক মোঃ. ইব্রাহিমসহ মাল্টিপার্টি এ্যাডভোকেসি ফোরামের সদস্যরা। তারুণ্যের মেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও যুব সংগঠনের শতাধিক তরুন অংশগ্রহণ করে।এসময় নাগরিক ইস্যু নিয়ে বিতর্ক, কুইজ ও ভিডিও বার্তা তৈরির প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

অংশগ্রহণকারী তরুণরা বলেন, একদিকে চাকুরীর সুযোগ যেমন কম অপরদিকে উদ্যোক্তা হতেও রয়েছে জটিল সব প্রতিবন্ধকতা ।তরুণদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা ও সহজ ঋণ সুবিধার দাবি জানান তারা।

রুবাইয়াত হাসান আঞ্চলিক ব্যবস্থাপক ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল রেজিওনাল কো-অরডিনেটর মো: ইয়াসিন আরাফাত ও সিলমী সাদিয়া ইলেকটোরাল প্রোগ্রাম এসিসট্যানট সহ সকলে উপস্থিত ছিলেন।